

কোষ্ঠকাঠিন্য

এর ১৯টি হোমিওপ্যাথি
বায়োকেমিক ঔষধ



কোষ্ঠকাঠিন্য (constipation)—মলত্যাগের ইচ্ছা খুব থাকে
কিন্তু বাহ্যে করার চেষ্টা করলেই ইচ্ছা একেবারে চলে যায়,
স্বতিশক্তিহীনতা, মলদ্বারে যেন একটা গুঁজি পোতা আছে মনে

কোষ্ঠকাঠিন্য

হয়: অ্যানাকার্ডিয়াম ওরি ৬ তিন ঘণ্টান্তর।

দারুণ, শূলবেদনাসহ: প্লাস্মাম মেট ৬ তিন ঘণ্টান্তর।

নিষ্ফল মলপ্রবৃত্তিসহ, অল্পেই রেগে যায়, ঘরের ভিতর বসে কাজকর্ম করতে হয়, বাইরে বেড়ান বা কোনও প্রকারের দৈহিক পরিশ্রমের কাজ করে না, আলস্যে সময় কাটায়, অপরিমিত আহারবিহার ও ইন্দ্রিয়চালনাহেতু: নাক্স ভমিকা ৩০ প্রাতে ও সন্ধ্যায়।

মল খুব বড় ন্যাড় বেরোতে খুব কষ্ট হয়, গায়ে আমজড়ান, চর্মরোগের ধাত: গ্র্যাফাইটিস ৩০ চার ঘণ্টান্তর।

মল যেন একেবারে শুকনো পোড়া, শক্ত ও বড়, বাহ্যে করার ইচ্ছা একেবারেই থাকে না, যকৃতে বেদনা, দপ্দপানিযুক্ত মাথাব্যথা, ভীষণ গরমের দিনের কোষ্ঠকাঠিন্য, অতি পিপাসা, একবারে অনেক জল খায়: ব্রায়োনিয়া ৩০ চার ঘণ্টান্তর।

দিনের পর দিন একদম বাহ্যে হয় না, গুটলে মল; ব্রায়োনিয়া নিষ্ফল হলে: অ্যালুমেন ৩০ চার ঘণ্টান্তর।

ভীষণ, শক্ত ন্যাড় মল, সর্বদা ঘুমঘুমভাব, প্রস্রাব খুব কম, মাথা ধরে, আধখোলা চোখে নিদ্রা: ওপিয়াম ৩০ চার ঘণ্টান্তর।

পেটফাঁপা, লাল প্রস্রাব, পেট ভুটভাট করে, খাওয়ার পর তলপেট ফাঁপে, কোমরের কাপড় আলগা করে দিতে হয়, পেট গরম, মুখ দিয়ে জল ওঠে, ঢেকুর ওঠে, বহু চেষ্টার পর শুকনো মল খুব কষ্টে বের হয়: লাইকোপোডিয়াম ৩০ চার ঘণ্টান্তর।

মল কুকুরের মলের ন্যায় সরু লম্বা, দীর্ঘ ন্যাড় মল: ফসফরাস ৩০ চার ঘণ্টান্তর।

গর্ভবতীর, মলদ্বারে ব্যথা ও জরায়ুর রোগ, ঔদাসীন্য:

সিপিয়া ৩০ প্রাতে ও সন্ধ্যায়।

মল কতকটা বেরিয়ে আবার ঢুকে যায়, বিশেষত
রজস্বলার: সিলিসিয়া ২০০ একদিন পরপর এক মাত্রা।

দুর্বল রোগী, বারবার জোলাপ লওয়ার অভ্যাস:
হাইড্রাস্টিস ক্যান ৩ চার ঘণ্টান্তর।

পুরান, ম্যালেরিয়ার ধাত, শিরঃপীড়া: নেট্রাম মিউর ২০০
প্রতি চতুর্থ দিনে এক মাত্রা করে।

অর্শরোগীর: অ্যালো ৩০ তিন ঘণ্টান্তর।

ছাগলনাদি বা মার্বেলের গুলির মতো মল, মল নরম হলেও
ভীষণ কোঁত দিতে হয়: অ্যালুমিনা ৩০ চার ঘণ্টান্তর।

দারুণ শুকনো কাশিসহ: নাইট্রিক অ্যাসিড ৩০ তিন
ঘণ্টান্তর।

অর্শসহ, গর্ভিণীদের: কলিনসোনিয়া ক্যানা ৩ তিন ঘণ্টান্তর।

স্ত্রীলোকের বহুকালের: ট্যাবাকাম ৩০ প্রত্যহ এক মাত্রা।

বহু পুরান, গুহ্যদ্বারে জ্বালা ও কুটকুটানি, পড়পড়ানি,
অর্শরোগের কারণে তলপেট ও গুহ্যদ্বারে রীতিমতো ভারবোধ
ও গরমবোধ, বাহ্যের আগে এবং পরে মলদ্বারে অস্বস্তি,
সোরাদোষযুক্ত ধাতু: সালফার ৩০ বার ঘণ্টান্তর।

কোষ্ঠকাঠিন্য
এর ১৯টি হোমিওপ্যাথি
বায়োকেমিক ঔষধ

